162

তারিখ ...10 DEC 1995 ... ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৬....

দৈনিক সংবাদ

# ঢাকা বোর্ডে পরীক্ষার খাতা পুনর্মূল্যায়নে রেকর্ড পরিমাণ আবেদন জমা পড়েছে

## ❑ পরীক্ষার্থীরা ঘোষিত ফলাফলে আস্থা রাখতে পারছে না

॥ রাশেদ আহমেদ ॥ চলতি বছরে ঢাকা বোর্ডের এসএসসি ও এইচএসসি পরীক্ষার খাতা পুনঃ নিরীক্ষার জন্যে রেকর্ড পরিমাণ আবেদনপত্র জমা পড়েছে। এত বিপুলসংখ্যক আবেদনপত্র জমা পড়ায় ঢাকা বোর্ড অফিস হিমশিম খাচ্ছে।

গত বছর অর্থাৎ ১৯৯৪ সালের এসএসসি পরীক্ষায় যেখানে খাতা পুনঃনিরীক্ষার জন্যে মাত্র ১৮শ' আবেদন জমা পড়েছিল এ বছর সেখানে পড়েছে ৫ হাজার। এই ৫ হাজার আবেদনের মধ্যে অনেকে ৩/৪টি বিষয়ের খাতা পুনঃনিরীক্ষার আবেদন করেছে। সেই হিসেবে কমপক্ষে ১৫ হাজার খাতা পুনঃনিরীক্ষা করতে হচ্ছে বোর্ড অফিসকে।

এইচএসসি পরীক্ষায় গতবছর নিরীক্ষার আবেদন পড়েছিল দেড় হাজার, সেখানে চলতি বছরে সাড়ে ৫ হাজার আবেদন জমা পড়েছে। বোর্ড অফিস সূত্র জানায়, এর সংখ্যা আরো বৃদ্ধি পেতে পারে। কারণ ডাক মারফত এখনো অনেক আবেদন আসছে। গত ৩০শে নভেম্বর এইচএসসি পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষার জন্য আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ছিল। বোর্ড অফিস জানায়, সাড়ে ৫ হাজার আবেদনের বেশির ভাগই ৪/৫টি বিষয়ের খাতা পুনঃনিরীক্ষা চেয়েছে। এই হিসেবে বোর্ডকে কমপক্ষে ২০ হাজার খাতা পুনঃনিরীক্ষা করতে হবে। এত বিপুলসংখ্যক আবেদনপত্র জমা পড়ায় বোর্ড অফিসকে বেশ বেগ পেতে হচ্ছে বলে এক কর্মকর্তা জানান।

ঢাকা শিক্ষাবোর্ডের একটি সূত্র জানায়, খাতা পুনঃনিরীক্ষার আবেদনের মধ্যে বিজ্ঞান বিষয়ের ছাত্রছাত্রীর সংখ্যা বেশি এবং বেশিরভাগ ছাত্রছাত্রী ইংরেজি প্রথম পত্র, দ্বিতীয় পত্র, অংক, বাংলা বিষয়ের খাতা পুনঃনিরীক্ষা চেয়েছে। এছাড়া পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান ও উদ্ভিদ বিদ্যায়ও নিরীক্ষার আবেদন এসেছে। তবে এইচএসসিতে বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ ও ভিকারুন্নেছা নুন কলেজের ছাত্রীরা বেশি আবেদন করেছে, এই দুই কলেজের আবেদনের সংখ্যা দেড়শ'র মতো।

দেখা গেছে, বদরুন্নেছা কলেজের সায়েমা ইসলাম আবেদন করেছে বাংলা, জীববিজ্ঞান প্রথম ও দ্বিতীয়পত্র, গণিত বিষয়ে পুনঃনিরীক্ষার জন্যে। রুবাইতে জহরা আবেদন করেছে ইংরেজি দ্বিতীয়পত্র, পদার্থ প্রথম পত্র, রসায়ন প্রথম ও দ্বিতীয় পত্র, গণিত, উদ্ভিদ বিদ্যা বিষয়ের জন্যে। শারমিন ফেরদৌস আবেদন করেছে পদার্থ, জীব বিজ্ঞান, ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র বিষয়ের জন্যে।

ঢাকার বাইরে যেসব ছাত্রছাত্রী আবেদন করেছে তাদের অধিকাংশই ইংরেজি ও বাংলা বিষয়ে পুনঃনিরীক্ষা চেয়েছে।

শিক্ষা বোর্ড অফিসে এক একটি বিষয়ের খাতা পুনঃনিরীক্ষার জন্য আবেদন করতে আবেদনকারীকে ৭৫ টাকা ফি ও কমিশন ১৫ টাকা অর্থাৎ ৯০ টাকার ব্যাংক ড্রাফট করতে হয়।

বোর্ড অফিসের এক ঢাকা বোর্ড ঃ পৃঃ ৮ কঃ ৬

### ঢাকা বোর্ড ঃ রেকর্ড পরিমাণ আবেদন

(১ম পৃষ্ঠার পর) কর্মকর্তা জানান, কম্পিউটার পদ্ধতির ওপর ছাত্রছাত্রী ও অভিভাবকদের আস্থাহীনতাই এত বিপুলসংখ্যক খাতা পুনঃনিরীক্ষার আবেদনপত্র জমা পড়ার অন্যতম কারণ। তবে অনেকে পরীক্ষায় প্রত্যাশিত ফল না পেয়ে আবেদন করেছে। তাদের ধারণা খাতা পুনঃনিরীক্ষা করানো হলে নম্বর বেড়ে যাবে।

ঢাকা শিক্ষা বোর্ড অফিস থেকে জানা যায়, এসএসসি'র পুনঃনিরীক্ষার ফল আগামী ২০শে ডিসেম্বরের পরে দেয়া সম্ভব হবে এবং এইচএসসি'র ফল আগামী বছরের জানুয়ারির শেষ সপ্তাহ ছাড়া দেয়া সম্ভব হবে না।

ঢাকা শিক্ষা বোর্ডের এসএসসি শাখার উপপরীক্ষা নিয়ন্ত্রক নজরুল ইসলাম এবং এইচএসসি শাখার উপপরীক্ষা নিয়ন্ত্রক গিয়াসউদ্দিন আহমেদ জানান, ছাত্রছাত্রীরা যেসব খাতা পুনঃনিরীক্ষার জন্যে আবেদন করে তাদের খাতাগুলো বিশেষ পরীক্ষকের মাধ্যমে পুনরায় দেখানো হয়ে থাকে। নজরুল ইসলাম জানান, এসএসসি'র যেসব খাতা পুনঃনিরীক্ষা করা হয়েছে তাতে নম্বরের তেমন একটা হেরফের হয়নি। এইচএসসি'র খাতা এখনো পুনঃনিরীক্ষা শুরু হয়নি।

চলতি বছরে ঢাকা বোর্ডে এসএসসি পরীক্ষায় ২ লাখ ৩৫ হাজার ৮শ' ২৯ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করেছিল। তার মধ্যে ১ লাখ ৭৫ হাজার ৪শ' ৫৩ জন পাস করেছে। প্রথম বিভাগ পেয়েছে ৯৪ হাজার ৪শ' ৮৯ জন, দ্বিতীয় বিভাগ ৭৮ হাজার ১শ' ৩৫ জন এবং তৃতীয় বিভাগ ২৮ হাজার ২৯ জন। গত ৮ই আগস্ট ফল বেরিয়েছে।

এইচএসসি পরীক্ষায় ঢাকা বোর্ডে অংশগ্রহণ করেছিল ১ লাখ ৫৩ হাজার ৫শ' ৫১ জন। পাস করেছে ৬৫ হাজার ১শ' ৮৮ জন। এইচএসসিতে পাসের হার ছিল ৪২·৪৫ ভাগ। ফল বেরিয়েছে ২১শে অক্টোবর।